সমকাল

তারিখ 19 APR 2015

পৃষ্ঠা ২১ কলাম ৪

# নরসিংদীতে ছাত্রলীগের সম্মেলনে ধাওয়া-পাল্টা ধাওয়া

■ নরসিংদী প্রতিনিধি

ধাওয়া-পাল্টা ধাওয়া ও ককটেল বিস্ফোরণের মধ্য দিয়ে নরসিংদী জেলা ছাত্রলীগের সম্মেলন সম্পন্ন হয়েছে। শনিবার নরসিংদী পৌরসভা চত্বরে জেলা ছাত্রলীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথি ছিলেন পানিসম্পদ প্রতিমন্ত্রী লে. কর্নেল (অব.) মো. নজরুল ইসলাম হীরু বীরপ্রতীক।

জেলা ছাত্রলীগের সভাপতি শাহ আলমের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধন করেন ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ। বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য অ্যাডভোকেট নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, আলহাজ নজরুল ইসলাম বাবু, নরসিংদী জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুল মতিন ভূঁইয়া, যুবলীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মো. হারুণ-অর-রশিদ ও নরসিংদী পৌর মেয়র কামরুজ্জামান। সম্মেলনে প্রধান বক্তা ছিলেন ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম।

একপর্যায়ে ছাত্রলীগ নেতা রাকিবের নেতৃত্বে একটি মিছিল সম্মেলনস্থলে ঢোকার সময় নরসিংদী পৌরসভার গেটে ছাত্রলীগ নেতা লেলিনের নেতৃত্বাধীন একটি গ্রুপ তাদের ওপর হামলা চালায়। এ সময় দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলতে থাকে। একই সঙ্গে কয়েকটি ককটেলের বিস্ফোরণ ঘটানো হয়। পরে জেলা আওয়ামী লীগ নেতৃবৃন্দের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। নতুন কমিটির নাম ঘোষণা করতে পারেননি নেতৃবৃন্দ।